বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অধ্যক্ষের কার্যালয়**
সরকারি ব্রজলাল কলেজ, খুলনা
**Website: www.blcollege.edu.bd**

ফোন: +৮৮০২৪৭৭৭০২৯৮৮
e-mail: infoblcollege@gmail.com
facebook page: govt.blc.official

## ২০১৯ সালের অনার্স ১ম বর্ষ (বিশেষ) পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

**জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২৬.০৪.২০২২ তারিখের বিজ্ঞপ্তি অনুযায়ী ২০১৯ সালের অনার্স ১ম বর্ষ (বিশেষ) পরীক্ষার আবেদন ফরম পূরণ ১০.০৫.২০২২ তারিখ হতে ০৪.০৬.২০২২ তারিখ পর্যন্ত চলবে।**

**১। পরীক্ষার আবেদন ফরম পূরণের শর্তাবলী ঃ**

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nubd.info/honours থেকে ফরম প্রিন্ট করে নির্ধারিত ফি অনলাইনে পরিশোধ করতে হবে।

খ) ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের যে সব শিক্ষার্থী অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে কিন্তু এক বা একাধিক তত্ত্বীয় কোর্সে F-গ্রেড অনুপস্থিত রয়েছে সে সকল শিক্ষার্থীরা শেষ বারের মতো ২০১৯ সালের অনার্স ১ম পর্ব (বিশেষ) পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

**২। পাঠ্যসূচিঃ**

সকল বিষয়ের পরীক্ষা ০৪ (চার) বছর মেয়াদী অনার্স কোর্সের পাঠ্যসূচি ও সংশোধিত রেগুলেশন ২০০৯-২০১০ শিক্ষাবর্ষ থেকে কার্যকর সিলেবাস অনুযায়ী শেষ বারের মত অনুষ্ঠিত হবে। এ সিলেবাসে ভবিষ্যতে আর কোন পরীক্ষা অনুষ্ঠিত হবে না।

**৩। ফি জমাদানের পদ্ধতিঃ**

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২৬.০৪.২০২২ তারিখের অনার্স ১ম বর্ষ (বিশেষ) পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তির অনুচ্ছেদ ৪ অনুযায়ী নির্ধারিত ফি পরিশোধ করে Pay Slip ডাউনলোড পূর্বক একাধিক কপি প্রিন্ট করতে হবে এবং সোনালী ব্যাংকের যে কোন শাখায় ০৪.০৬.২০২২ তারিখের মধ্যে ফিস জমা দিতে হবে।

খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার ফিস সোনালী ব্যাংকে জমার পর কেন্দ্র ও ব্যবস্থাপনা ফিস বাবদ (৪৫০+৫০) ৫০০/= (পাঁচশত) টাকা বেতন রশিদে কলেজের প্রশাসনিক ভবনের ক্যাশ শাখায় জমা দিতে হবে। অনলাইনে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফিস এবং কলেজের ফিস পরিশোধের পর পরীক্ষার আবেদন ফরম সংশ্লিষ্ট বিভাগে বিভাগীয় প্রধানের স্বাক্ষর পূর্বক বিভাগেই জমা দিতে হবে।

**৬। অনলাইনে আবেদন ফরম পূরণের পর করণীয়ঃ**

ক) স্ব স্ব বিভাগ Probable List দেখে শিক্ষার্থীদের অনলাইন আবেদন ফরমে বিভাগীয় প্রধান স্বাক্ষর করবেন।
খ) অনলাইনে পরীক্ষার ফিস পরিশোধের Pay Slip ও কেন্দ্র ফি পরিশোধের রশিদের ফটোকপি জমা দিতে হবে।
গ) আবেদন ফরমের সাথে সর্বশেষ ১ম বর্ষ পরীক্ষার ফলাফল, প্রবেশ পত্র ও মূল রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি জমা দিতে হবে।
ঘ) পরীক্ষার্থীকে সদ্য তোলা ১ (এক) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি অনলাইনে প্রাপ্ত আবেদন ফরমের নির্ধারিত স্থানে এবং ১ (এক) কপি ছবি স্ব স্ব বিভাগে আবেদন ফরমের ফটোকপির সাথে জমা দিতে হবে।

***বি.দ্র.: ২০১৯ সালের অনার্স ১ম বর্ষ (বিশেষ) পরীক্ষার আবেদন ফরম পূরণের জন্য শিক্ষার্থীদেরকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২৬.০৪.২০২২ তারিখের পরীক্ষার ফরম পূরণের সংযুক্ত বিজ্ঞপ্তি অনুসরণ করতে বলা হলো।***

**এই বিজ্ঞপ্তিটি কলেজের ওয়েব সাইট www.blcollege.edu.bd এ পাওয়া যাবে।
সরকার ঘোষিত স্বাস্থ্য বিধি মেনে পরীক্ষার আবেদন ফরম পূরণ করতে হবে।**

28/4/2022
(প্রফেসর শরীফ আতিকুজ্জামান)
অধ্যক্ষ
সরকারি ব্রজলাল কলেজ, খুলনা

# জাতীয় বিশ্ববিদ্যালয়
## গাজীপুর

Website : www.nubd.info/honours

স্মারক নং-জাতীঃ বিঃ/পনি/অনার্স ১ম বর্ষ/২০১০/৩১৩৬(অংশ-১)/৫৫১১

তারিখ ঃ ১৩ বৈশাখ, ১৪২৯ বঙ্গাব্দ
২৬ এপ্রিল, ২০২২ খ্রিস্টাব্দ

## ২০১৯ সালের অনার্স ১ম বর্ষ (বিশেষ) পরীক্ষার ফরমপূরণের বিজ্ঞপ্তি ঃ

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৯ সালের অনার্স ১ম বর্ষ (বিশেষ) পরীক্ষার গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের আবেদন ফরমপূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম On-Line এ ১০/০৫/২০২২ তারিখ থেকে শুরু হবে। নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী আবেদন ফরম পূরণ ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ আবেদন ফরম নিশ্চয়ন, বিবরণী ফরম পূরণ, জমাদানের তারিখ, আনুষঙ্গিক নিয়ম ও শর্তাবলী নিম্নে প্রদত্ত হলো। পরীক্ষার বিস্তারিত সময়সূচি পরবর্তীতে সংশ্লিষ্ট সকলকে জানানো হবে।

| ক্রঃ নং | পরীক্ষার্থীদের ফি এর বিবরণ | টাকা | আবেদন ফরমপূরণের শুরু ও শেষ তারিখ | ডাটা এন্ট্রি নিশ্চয়নের শেষ তারিখ | সোনালী সেবার মাধ্যমে টাকা জমার শুরু ও শেষ তারিখ | বিবরণী ফরম ও অন্যান্য কাগজপত্র জমাদানের শেষ তারিখ |
|---|---|---|---|---|---|---|
| ০১ | তত্ত্বীয় (প্রতি পূর্ণ পত্র) | ২৫০/- | ১০/০৫/২০২২ মঙ্গলবার থেকে ০৪/০৬/২০২২ শনিবার | ০৫/০৬/২০২২ রবিবার রাত ১১:৫৯ মিঃ পর্যন্ত | ০৬/০৬/২০২২ সোমবার সকাল ১০:০০টা থেকে ০৭/০৬/২০২২ মঙ্গলবার বিকাল ৪:০০টা পর্যন্ত | ০৮/০৬/২০২২ বুধবার |
| ০২ | তত্ত্বীয় (প্রতি অর্ধ পত্র) | ২০০/- | | | | |
| ০৩ | কেন্দ্র ফি তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী) কলেজে জমা হবে | ৪৫০/- | | | | |
| ০৪ | বিশেষ অন্তর্ভূক্তি ফি প্রতি পরীক্ষার্থী-বিশ্ববিদ্যালয়ে জমা হবে। | ৩০০/- | | | | |
| ০৫ | মোট সর্বনিম্ন ফি | ১৫০০/- | | | | |

**বিঃ দ্রঃ - কোন অবস্থাতেই ফরমপূরণের নির্ধারিত সময়ের পর বিলম্ব ফি দিয়ে ফরমপূরণের কোন প্রকার সুযোগ নাই।**

**০১. আবেদন ফরম সংগ্রহ ঃ**

অনার্স ১ম বর্ষ পরীক্ষার আবেদন ফরম পরীক্ষার্থী নিজে অথবা কলেজ কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nubd.info/honours) থেকে প্রিন্ট করে অথবা প্রিন্টকৃত কপি থেকে ফটোকপি করে নিতে পারবেন। পরীক্ষার্থী নিজে আবেদন ফরমপূরণ করার পর নির্ধারিত ফিসহ স্ব স্ব বিভাগে জমা দিবে।

২০১২-২০১৩ শিক্ষাবর্ষের যে সব শিক্ষার্থী অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে কিন্তু এক বা একাধিক তত্ত্বীয় কোর্সে F-গ্রেড এবং অনুপস্থিত রয়েছে শুধুমাত্র সে সকল শিক্ষার্থী শেষ বারের মত ২০১৯ সালের অনার্স ১ম বর্ষ (বিশেষ) পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

**০২. পাঠ্যসূচি ঃ**

সকল বিষয়ের পরীক্ষা ০৪ (চার) বছর মেয়াদী অনার্স কোর্সের পাঠ্যসূচি ও সংশোধিত রেগুলেশন ২০০৯-২০১০ শিক্ষাবর্ষ থেকে কার্যকর সিলেবাস অনুযায়ী শেষ বারের মত অনুষ্ঠিত হবে। **এ সিলেবাসে ভবিষ্যতে আর কোন পরীক্ষা অনুষ্ঠিত হবে না।**

**০৩. কলেজের জন্য করণীয় ঃ**

আবেদন অনুযায়ী সকল পরীক্ষার্থীদের ডাটা On-Line-এ সঠিকভাবে এন্ট্রি দিয়ে নিশ্চয়ন করে প্রথমে বিভাগীয় প্রধান অতঃপর অধ্যক্ষ স্বাক্ষর করবেন।

প্রত্যেক পরীক্ষার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি ছবি প্রবেশপত্র সংগ্রহের পর নির্ধারিত স্থানে আইকা আঠা দ্বারা লাগিয়ে অধ্যক্ষ কর্তৃক সত্যায়নের পর প্রবেশপত্র বিতরণ করতে হবে।

নিশ্চয়ন সম্পন্ন হলে On-Line-এ পরীক্ষার্থীদের বিবরণী প্রিন্ট নিতে হবে। প্রিন্ট কপিতে প্রথমে বিভাগীয় প্রধান অতঃপর অধ্যক্ষ স্বাক্ষর করবেন।

১ম বর্ষ অনার্স বিষয়ক পরীক্ষার জন্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট যথাসময়ে চালু হবে এবং বিজ্ঞপ্তিতে উল্লেখিত নির্ধারিত সময়ের পর স্বয়ংক্রিয়ভাবে তা বন্ধ হয়ে যাবে। সুতরাং নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে।

নিশ্চয়নের ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতা অবলম্বনের জন্য অনুরোধ করা হলো। ফরমপূরণ করা কোন পরীক্ষার্থীর নিশ্চয়ন যেন বাদ না যায় বা এক জনের পরিবর্তে অন্য জনকে নিশ্চয়ন না করা হয় তা নিশ্চিত করতে হবে। নিশ্চয়নের পর ফরমপূরণ সংক্রান্ত কোন অভিযোগ গ্রহণ করা হবে না।

**০৪. ফি জমাদানের পদ্ধতি ঃ**

২০১৯ সালের অনার্স ১ম বর্ষ (বিশেষ) পরীক্ষার সকল পরীক্ষার্থীর ফি ডিজাইনকৃত নির্ধারিত জমা ফরম বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nubd.info/honours)-থেকে ডাউনলোড করে "সোনালী সেবা" এর মাধ্যমে যে কোন সোনালী ব্যাংকের শাখায় জমা দিতে হবে।

সংশ্লিষ্ট কলেজ www.nubd.info/honours অথবা 103.113.200.36/PAMS/Default.aspx ওয়েবসাইট থেকে Pay Slip ডাউনলোড করবে। Pay Slip এ সংশ্লিষ্ট খাতের সঞ্চয়ী হিসাব নম্বর উল্লেখ পূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর Print Copy নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিয়ে শেষ তারিখের মধ্যে জমা রশিদ সংগ্রহ করতে হবে। পরবর্তীতে এ সংক্রান্ত কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

Pay Slip সংগ্রহের জন্য ০৬/০৬/২০২২ তারিখ সোমবার সকাল ১০:০০ টা থেকে ০৭/০৬/২০২২ তারিখ মঙ্গলবার বিকাল ০৪:০০ টা পর্যন্ত সোনালী সেবার Link Active থাকবে। নির্ধারিত সময়ের পূর্বে অথবা পরে Pay Slip ডাউনলোড করা এবং টাকা জমা দেয়া যাবে না। সোনালী সেবা ব্যতীত ব্যাংক-এ প্রচলিত অন্য কোন ফরমে টাকা জমা প্রদান করা হলে পরবর্তীতে উদ্ভূত জটিলতার জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না। সোনালী সেবা সংক্রান্ত প্রয়োজনে ০১৭৯৪-৬৯১৮৭৮ মোবাইল নম্বরে যোগাযোগ করতে হবে।

**০৫. বিবরণী ফরম জমা ঃ**

আবেদন ফরমপূরণকৃত পরীক্ষার্থীদের বিষয়ভিত্তিক বিবরণীতে সংশ্লিষ্ট পরীক্ষার্থী বিভাগীয় প্রধান ও অধ্যক্ষের স্বাক্ষরের পর মূল কপি বেঁধে জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্ব স্ব আঞ্চলিক কেন্দ্রে নির্ধারিত তারিখে জমা দিতে হবে এবং এর ফটোকপি কলেজে সংরক্ষণ করবে।

**আঞ্চলিক কেন্দ্রের ঠিকানা ঃ**

| | | |
|---|---|---|
| জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র<br>রাজশাহী ঃ<br>বাড়ী নং-৩৫৪, বালিয়া পুকুর,<br>বড় বটতলা, ঘোড়ামারা,<br>রাজশাহী-৬১০০<br>ফোন # ০৭২১-৭৬২১৪১ | জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র<br>চট্টগ্রাম ঃ<br>বাড়ী # ৬৬/ডি, রোড নং-০১,<br>(জামে মসজিদ সংলগ্ন)<br>দক্ষিণ খুলশী, চট্টগ্রাম<br>ফোন # ০৩১-২৮৫৫৮২৮ | জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র<br>সিলেট ঃ<br>আহাদ ভিলা, পাঠানটুলি পয়েন্ট<br>সিলেট-৩১০০<br>ফোন # ০৮২১-৭২৯১০২ |
| | | |
| জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র<br>খুলনা ঃ<br>বাড়ী নং-২৭৭, রোড নং-০১<br>কে ডিএ সোনাডাঙ্গা আ/এ, ২য় ফেজ,<br>খুলনা-৯১০০<br>ফোন # ০৪১-৭৩১৬৭৩ | জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র<br>বরিশাল ঃ<br>বাড়ি নং-১০০০, ওয়ার্ড নং-১২<br>মেডিকেল কলেজ লেন, দক্ষিণ আলেকান্দা<br>বরিশাল-৮২০০<br>ফোন # ০৪৩১-৬১১৬৮ | জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র<br>রংপুর ঃ<br>বাড়ী নং-৩৯০, জি এল রায় রোড<br>কামাল কাছনা, রংপুর-৫৪০০<br>ফোন ঃ ০৫২১-৫৬০১৫ |
| **ঢাকা বিভাগের জন্য ঃ জাতীয় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস, গাজীপুর-১৭০৪** | | |

**০৬. পরীক্ষা পরিচালনার নিয়মাবলী ঃ**

একাডেমিক কাউন্সিলের সিদ্ধান্ত অনুযায়ী প্রতি পরীক্ষার্থীর কেন্দ্র ফি হবে ৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকা এর মধ্যে কেন্দ্র পরীক্ষা পরিচালনার জন্য ৩০০/- (তিনশত) টাকা হারে প্রাপ্য হবে। বাকি পরীক্ষার্থী প্রতি ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা হারে সংশ্লিষ্ট কলেজ ব্যবস্থাপনা ফি হিসেবে প্রাপ্য হবে। যা দ্বারা কেন্দ্রের যাবতীয় ব্যয় (বিশ্ববিদ্যালয় হতে পরীক্ষার উত্তরপত্র, প্রশ্নপত্র সংগ্রহ, আনুষঙ্গিক দ্রব্যাদি গ্রহণ, পরীক্ষানুষ্ঠান ও উত্তরপত্র প্রেরণ ইত্যাদি) নির্বাহ করবে।

পরীক্ষার সময়সূচি ও অন্যান্য যাবতীয় তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nubd.info/honours) থেকে জানা যাবে।

০৭. **ফলাফল** ঃ এ পরীক্ষার ফলাফল গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হবে।

০৮.গ্রেডিং সিস্টেম (**Grading System**)

উত্তরপত্র নম্বরের ভিত্তিতে মূল্যায়ণ করা হবে। একজন পরীক্ষার্থীর তত্ত্বীয় ও ব্যবহারিক পরীক্ষায় প্রাপ্ত নম্বরকে লেটার গ্রেড (Letter Grade) ও গ্রেড পয়েন্ট (Grade Point)-এ রূপান্তর করা হবে। পরীক্ষার্থীর ফলাফল মূল্যায়ণের জন্য নিম্নলিখিত লেটার গ্রেড ও corresponding গ্রেড পয়েন্ট থাকবে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক প্রদত্ত অভিন্ন গ্রেডিং পদ্ধতি অনুযায়ী গাণিতিক (numerical) নম্বর, লেটার গ্রেড ও গ্রেড পয়েন্ট হবে নিম্নরূপ ঃ

| Numerical Grade | Letter Grade (LG) | Grade Point (GP) |
|---|---|---|
| 80% or above | A+ (Plus) | 4.00 |
| 75% to less than 80% | A (Plain) | 3.75 |
| 70% to less than 75% | A- (Minus) | 3.50 |
| 65% to less than 70% | B+ (Plus) | 3.25 |
| 60% to less than 65% | B (Plain) | 3.00 |
| 55% to less than 60% | B- (Minus) | 2.75 |
| 50% to less than 55% | C+ (Plus) | 2.50 |
| 45% to less than 50% | C (Plain) | 2.25 |
| 40% to less than 45% | D (Plain) | 2.00 |
| <40% (less than 40%) | F (Fail) | 0.00 |

পাস নম্বর ঃ

| কোর্সের নম্বর | ১০০ (৪ ক্রেডিট) | ৫০ (২ ক্রেডিট) |
|---|---|---|
| পাস নম্বর | 40 | 20 |
| গণনাযোগ্য ক্রেডিট | D | D |

**বিঃদ্রঃ পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nu.ac.bd) এ প্রকাশ করা হবে। চিঠি বা অন্য কোন মারফত কোন তথ্য বা বিজ্ঞপ্তি প্রেরণ করা হবে না। প্রতিদিন উল্লিখিত ওয়েব সাইট সকাল এবং বিকালে অন্ততঃ ০২ (দুই) বার চেক করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হ'ল।**


(বদরুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
ফোন ঃ ০২-৯২৯১০১৭, ফ্যাক্স ঃ ০২-৯২৯১০৪৪
ই-মেইল ঃ controller@nu.edu.bd


স্মারক নং-জাতীঃ বিঃ/পনি/অনার্স ১ম বর্ষ/২০১০/৩১৩৬(অংশ-১)/৫৫১১

তারিখ ঃ ১৩ বৈশাখ, ১৪২৯ বঙ্গাব্দ / ২৬ এপ্রিল, ২০২২ খ্রিস্টাব্দ

**অনুলিপি, অবগতি ও কার্যার্থে ঃ**

১। সকল ডীন, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
২। রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৩। পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৪। পরিচালক, জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
(জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তিটি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৫। পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
(এ বিজ্ঞপ্তিটি জরুরি ভিত্তিতে ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৬। পরিচালক, আঞ্চলিক কেন্দ্র পরিচালন দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৭। পরিচালক, সকল আঞ্চলিক কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৮। পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৯। সচিব ও উপ-রেজিস্ট্রার, ভাইস-চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
১০। অধ্যক্ষ, সকল অনার্স কলেজ (সংশ্লিষ্ট সকলকে জরুরি ভিত্তিতে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
১১। সহকারী রেজিস্ট্রার, সকল প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
১২। ম্যানেজার, সোনালী ব্যাংক, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
১৩। অফিস কপি।


(মোঃ মামুনুর রশিদ)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (অনার্স ১ম বর্ষ)
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
ফোন ঃ ০২-৯২৯১০৩৯
ই-মেইল ঃ nudc.hp1@gmail.com